



## মোঃ শাহীরুল হাসান

ব্যবস্থাপনা পরিচালক

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর অফিস আদেশ নং ২৮.০৩.০০০০.০০০.০০৮.১৪.০০০৩.০৭.৩৪৬ তারিখ ২৭.০৭.২০২৫ এর মাধ্যমে ইস্টার্ন রিফাইনারী লিমিটেড (ইআরএল) এর মহাব্যবস্থাপক (ফাইন্যান্স অ্যান্ড অ্যাকাউন্টস) জনাব মোঃ শাহীরুল হাসান-কে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) পদে নিয়োগ প্রদান করা হয় এবং তিনি ২৭.০৭.২০২৫ তারিখে কোম্পানিতে যোগদান করেন পরবর্তীতে বিপিসি'র অফিস স্মারক নং ২৮.০৩.০০০০.০০০.০০৯.০৪.০০০১.২৫.১১৫ তারিখ ০২.০৮.২০২৫ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অফিস আদেশ নং ২৮.০০.০০০০.০০০.০২২.৪৪.০০১.২৪.১৭৩ তারিখ ০৬.০৮.২০২৫ এর মাধ্যমে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ টিপু সুলতান এর স্থলে বর্তমান ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) জনাব মোঃ শাহীরুল হাসান-কে পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হয়।

ইতোপূর্বে তিনি ২৬ জুন ১৯৯৪ সালে ইস্টার্ন রিফাইনারী লিমিটেড (ইআরএল) এ প্রবেশনায় ইঞ্জিনিয়ার হিসেবে যোগদান করেন। ০১ জুলাই ১৯৯৬ সালে ইঞ্জিনিয়ার (মেইন্টেন্যান্স) পদে ইআরএল এ যোগদান করেন। পরবর্তীতে পর্যায়ক্রমে তিনি সিনিয়র ইঞ্জিনিয়ার (ইউটিলিটি), ম্যানেজার ইঞ্জিনিয়ার (ইউটিলিটি), অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার (ই অ্যান্ড ই) এবং ডেপুটি জেনারেল ম্যানেজার (এসসিপি) পদে পদোন্নতি প্রাপ্ত হন। ইআরএল এ ০৯ জুন ২০১৬ তাকে ডেপুটি জেনারেল ম্যানেজার (ফিন্যান্স অ্যান্ড অ্যাকাউন্টস) পদে পদায়ন ও বদলী করা হয়। ২৭ এপ্রিল ২০২৩ ইআরএল এ তিনি জেনারেল ম্যানেজার (ফিন্যান্স অ্যান্ড অ্যাকাউন্টস) পদে পদোন্নতি প্রাপ্ত হন। জেনারেল ম্যানেজার (ফিন্যান্স অ্যান্ড অ্যাকাউন্টস) এর পাশাপাশি তিনি ০৭ মে ২০২৩ হতে ২৬ জুলাই ২০২৫ পর্যন্ত জেনারেল ম্যানেজার (কর্মাশিয়াল) অতিরিক্ত দায়িত্ব পালন করেন।

মোঃ শাহীরুল হাসান ১৯৯২ সালে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল) ডিগ্রী অর্জন করেন। পরবর্তীতে তিনি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম হতে ইএমবিএ (ফিন্যান্স) ডিগ্রী অর্জন করেন। এছাড়া চাকুরী জীবনে তিনি দেশে ও বিদেশে (সিংগাপুর, ফ্রান্স) বিভিন্ন প্রশিক্ষণ এবং কর্মশালয় অংশ গ্রহণ করেন।